

পুলিশিং প্লেজ

আপনার পুলিশ ফোর্স আইন মেনে চলা নাগরিকদের সহায়তা করবে এবং আপনাকে ও আপনার এলাকাকে কোন ক্ষতি হওয়া থেকে নিরাপদ রাখতে অপরাধীদের ধরার জন্য ক্রমাগত চেষ্টা করবে।

আমরা :

- সব সময় আপনার প্রতি মর্যাদা ও সন্মানের সাথে আচরন করবো ও আপনি যাতে আমাদের সার্ভিসসমূহ যুক্তিসঙ্গত এবং আপনার জন্য উপযুক্ত এমন সময়ে পেতে পারেন তা নিশ্চিত করবো।

আপনার এলাকার নেইবারিং পুলিশিং টিম কে, তাদের ঠিকানা, তাদের সাথে কিভাবে যোগাযোগ করতে হবে এবং তাদের সাথে কিভাবে কাজ করতে হবে - আপনি যাতে তা জানতে পারেন, সেজন্য আপনাকে যথাযথ তথ্য প্রদান করবো।

- আপনার এলাকায় যে সময়ে তাদের উপস্থিতি বেশী কার্যকর হবে এবং যে সময়ে আপনার বেশী প্রয়োজন বলে আপনি আমাদেরকে জানাবেন - তখন আপনার নেইবারহুড পুলিশিং টিম এবং অন্যান্য পুলিশ পেট্রোল যাতে দৃশ্যমান থাকে তা নিশ্চিত করবো। যদি না অন্য কোন গুরুত্বপূর্ণ কাজ থাকে, তাহলে আপনার এলাকার কাজ থেকে আপনার টিম'কে যাতে সরিয়ে না নেওয়া হয় তা নিশ্চিত করবো। আপনার অগ্রাধিকারগুলো মোকাবেলা করার জন্য তারা তাদের সময়ের 80% দৃশ্যমানভাবে কাজ করবে। স্ট্রীফদেরকে অন্য কোথাও কম পাঠানো হবে।

24 ঘন্টার মধ্যে আপনার নেইবারহুড পুলিশিং টিম'এর কাছে পাঠানো যেকোন বার্তার জবাব দিবে এবং যেখানে সম্ভব আমরা যত তাড়াতাড়ি পারি আরো বিস্তারিত ভাবে জানাবো।

- 10 সেকেন্ডের মধ্যে 999 নম্বরে করা টেলিফোনের জবাব দেওয়া, জরুরী অবস্থায় তাৎক্ষণিকভাবে সেখানে পৌঁছানোর আনুমানিক সময় দেওয়া, যত তাড়াতাড়ি সম্ভব নিরাপদে আপনার কাছে পৌঁছানোর লক্ষ্য রাখবে। শহর এলাকায় 15 মিনিট এবং রুরাল (গ্রামীণ) এলাকায় 20 মিনিটের মধ্যে পৌঁছানোর লক্ষ্য রাখি।

জরুরী নয় (নন-ইমার্জেন্সী) এমন সব টেলিফোনের যথাসময়ে জবাব দেওয়া।

যদি আসার প্রয়োজন হয়, তাহলে পৌঁছানোর আনুমানিক সময় বলে দিয়ে পেট্রোল (নিরাপত্তার উদ্দেশ্যে চারদিকে পরিষ্কমন) পাঠানো হবে এবং :

- আপনি যদি অসহায় বা মানসিকভাবে বিপর্যস্ত থাকেন, তাহলে 60 মিনিটের মধ্যে আপনার কাছে পৌঁছানোর লক্ষ্য রাখি
- আপনি যদি এমন কোনো ব্যাপারে ফোন করেন, যে বিষয়ে আমরা আপনার কমিউনিটির সাথে সম্মত হয়েছি যে তা এলাকার অগ্রাধিকার হবে এবং সেখানে যাওয়া প্রয়োজন, সেক্ষেত্রে আমরা 60 মিনিটের মধ্যে আপনার কাছে পৌঁছানোর লক্ষ্য রাখবো।
- এর পরিবর্তে, যদি যথাযথ হয় - তাহলে আমরা আপনার সুবিধামত সময় অনুযায়ী 48 ঘন্টার মধ্যে আপনার সাথে দেখা করার জন্য এ্যাপয়েন্টমেন্ট করবো।
- যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে, আপনার কাছে যাওয়ার প্রয়োজন নেই, তাহলে আমরা আপনাকে পরামর্শ দিব, আপনার প্রশ্নের জবাব দিব এবং / বা আপনাকে সাহায্য করতে পারে এমন কারো সাথে যোগাযোগ করিয়ে দিব।

লেপ্টার, লেপ্টারশায়ার এবং রটল্যান্ড

আপনার অগ্রাধিকারগুলোর বিষয়ে সম্মত হওয়ার জন্য নিয়মিতভাবে কমপক্ষে মাসে একবার পাবলিক মিটিং'এর ব্যবস্থা করে, এটা আপনাকে আপনার স্থানীয় টিমের সাথে কমিউনিটির অন্যান্য সদস্যদের সাথে সাক্ষাৎ করার সুযোগ দেয়। এরমধ্যে যেসব সুযোগ অন্তর্ভুক্ত আছে, তাহলে সার্জারী, স্ট্রীট ব্রিফিং এবং মোবাইল পুলিশ স্টেশনে যাওয়া - এগুলো স্থানীয় চাহিদা ও প্রয়োজনসমূহ পূরণের জন্য ব্যবস্থা করা হবে।

- কতটুকু উন্নতি হয়েছে, স্থানীয় অপরাধ এবং পুলিশের সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে মাসিক ভাবে হালনাগাদ তথ্য জানায়। এরমধ্যে অন্তর্ভুক্ত থাকবে - যেসব এলাকায় অপরাধ বেশী হয় সে এলাকার ম্যাপ পাওয়ার ব্যবস্থা করা, বিশেষ কোন অপরাধ সম্পর্কে তথ্য এবং যাদের প্রতি ন্যায় করা হয়েছে তাদের কি হয়েছে, আপনার এলাকা নিরাপদ রাখার জন্য আমরা এবং আমাদের পার্টনারগন কি ব্যবস্থা নিচ্ছে তার বিস্তারিত এবং আপনার পুলিশ ফোর্স কিভাবে কাজ করছে সে সম্পর্কে তথ্য প্রদান করা।

আপনি যদি কোন অপরাধের স্বীকার হন, তাহলে আপনার কেস এর কতটুকু অগ্রগতি হলো সেম্পর্কে আপনি কতবার এবং কতদিন পর্যন্ত জানতে চান - সে ব্যাপারে আপনার মতামত জানবে। আপনি যদি চান কমপক্ষে মাসে একবার এবং যদি যুক্তিসম্মত হয়, তাহলে যতদিন পর্যন্ত চান আপনার তথ্য জানার অধিকার আছে।

- আপনি যে সার্ভিস পেয়েছেন, সে সম্পর্কে আমাদের কাছে অসন্তুষ্টি জানানোর 24 ঘন্টার মধ্যে প্রাপ্তিস্বীকার করে। সম্পূর্ণভাবে বিষয়টি সমাধা করার লক্ষ্যে আমাদেরকে সাহায্য করার জন্য বিষয়টি কিভাবে মোকাবেলা করা হবে - আপনার সাথে সে বিষয়ে কথা বলবে, আপনার চিন্তা সম্পর্কে কারো সাথে সরাসরি কথা বলার সুযোগ দিবে এবং সেগুলোর ব্যাপারে কি করা হবে এবং কত তাড়াতাড়ি করা হবে সে সম্পর্কে আপনার মতামত নেওয়া হবে।

আমরা আপনার জন্য যতটা সম্ভব সবচেয়ে ভাল কিছু করতে চাই, তবে আমরা যদি আমাদের প্লেজ (প্রতিজ্ঞা) পূরণ করতে না পারি, তাহলে সে ক্ষেত্রে আমরা সকল সময়েই ব্যাখ্যা করবো কেন আমরা উন্নতমানের সেবা দিতে পারিনি - যা আমাদের লক্ষ্য এবং আপনি পাওয়ার যোগ্য।